আগের চেয়ে ভালো আছেন মওদুদ, চেয়েছেন দোয়া

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সাবেক, মন্ত্রী ও সুপ্রিম কোর্টের প্রবীণ আইনজীবী মওদুদ আহমদের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে।

বুধবার (৬ জানুয়ারি) বিকেল ৩টার দিকে বিএনপির ভাইস চেয়ারম্যান ডা. এজেডএম জাহিদ হোসেন জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন।

ডা. জাহিদ বলেন, ব্যারিস্টার মওদুদ সাহেব দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন। আলহামদুলিল্লাহ তিনি আগের চেয়ে ভালো আছেন।

জানা গেছে, আজ দুপুর ২টার পর বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও ডা. জাহিদ হোসেন ব্যারিস্টার মওদুদ আহমদের সঙ্গে দেখা করেন।

গত ২৯ ডিসেম্বর ব্যারিস্টার মওদুদ অসুস্থ হয়ে পড়লে তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালের সিসিইউতে ভর্তি করা হয়। প্রফেসর শাহাবুদ্দিন আহমেদ তালুকদারের তত্ত্বাবধায়নে চিকিৎসাধীন তিনি।

হাসপাতাল সূত্রে জানা গেছে, মওদুদ আহমদের রক্তের হিমোগ্লোবিন কমে গিয়েছিল। ভর্তি হওয়ার পর দুবার তার কোভিড-১৯ পরীক্ষা করা হয়। তার করোনা পরীক্ষার ফল নেগেটিভ এসেছে।

বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান জানিয়েছেন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও মহাসচিবসহ দলের নেতারা মওদুদ আহমদের খোঁজ-খবর রাখছেন।

ইসির পদত্যাগ দাবিতে বিএনপির

মানববন্ধন পেছাল

নির্বাচন কমিশনের (ইসি) পদত্যাগের দাবিতে বিএনপির মানববন্ধনের কর্মসূচি একদিন পিছিয়ে দেওয়া হয়েছে। ১০ জানুয়ারির পরিবর্তে এ কর্মসূচি পরদিন ১১ জানুয়ারি পালিত হবে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী গতকাল এই তথ্য জানান।

তিনি বলেন, ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপি’র উদ্যোগে ১১ জানুয়ারি জাতীয় প্রেসক্লাবের সামনে সকাল ১১টায় এ কর্মসূচি পালিত হবে। তবে ৭ জানুয়ারি দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে এবং বাণিজ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিএনপি’র কেন্দ্র ঘোষিত মানববন্ধন কর্মসূচিটি অপরিবর্তিত থাকবে।

দেশবাসীসহ বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের সব পর্যায়ের নেতাকর্মীকে ঘোষিত কর্মসূচি সফল করার আহ্বান জানান তিনি।

দামুড়হুদায় ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকি পালন করা হয়েছে। গতকাল রোববার বিকেল ৫টার দিকে দিবসটি উপলক্ষে দামুড়হুদা উপজেলা বিএনপির অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভা ও কেক কাটা হয়।

দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আয়োজনে উপজেলা ছাত্রদলের আহবায়ক আফজালুর রহমান সবুজের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক ইনজামুল হক, জুলফিকার আলি ভুট্টু, সাগর হোসেন, আ: রহিম, তরিকুল ইসলাম, সদস্য সন্টু, আসিফ, ফিরোজ, সজিব, তুহিনুর রহমান সোহাগসহ বিভিন্ন ইউনিয়ন ছাত্রদল নেতা।

অপরদিকে, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আয়োজনে বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক মকলেছুর রহমান রহমান মুকুলের নেতৃত্বে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, আনন্দ র্যালী ও কেক কাটা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক ইমরান হোসেন, আবু জাফর তন্ময়, সদস্য সাজিদুর রহমান সাজিদ, আলফাজ হোসেন, সোয়েব, সজল, শাওন, জিহাদ, আকাশ, রাজু, তাওহিদ প্রমুখ।

মেহেরপুর ছাত্রদলের শীতবস্ত্র বিতরণ

গতকাল রবিবার বিকালে মেহেরপুর জেলা বিএনপির প্রধান কার্যালয় পৌর ঈদগাহ পাড়ায় মেহেরপুর জেলা ছাত্রদল এর ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দরিদ্র শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির সভাপতিত্ব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওমর ফারুক লিটন সহ-সভাপতি মেহেরপুর জেলা বিএনপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি নেতা এডভোকেট মোখলেসুর রহমান স্বপন জেলা আইনজীবী সমিতির সদস্য, প্রভাষক ফয়েজ আহমেদ যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা বিএনপি, কাজী মিজান মেনন সহ-সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা বিএনপি, আব্দুস সালাম যুগ্ম-সম্পাদক মেহেরপুর জেলা যুবদল, রাজন শেখ যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা যুবদল।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফরিদুল ইসলাম পিন্টু যুগ্ম সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, লিটন উদ্দিন সহ-সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, তরিকুল ইসলাম সাংস্কৃতিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রদল, আনোয়ার হোসেন সাধারণ সম্পাদক মেহেরপুর জেলা নবীন দল।

আলোচনা সভা শেষে দরিদ্র শিশুদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

ঝিনাইদহে শৈলকুপায় ৭ পুলিশসহ আহত- ৮, পরিস্থিতি নিয়ন্ত্রণে ফাঁকা গুলি

ঝিনাইদহের শৈলকুপায় পৌর নির্বাচনে আওয়ামী লীগ মেয়র প্রার্থী ও বিদ্রোহী মেয়র প্রার্থীর কর্মী-সমর্থকদের মধ্যে দেশীয় অস্ত্র নিয়ে হামলা, ধাওয়া- পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

এ সময় ৭ পুলিশ সদস্য আহত হয় বলে জানা যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে নিতে পুলিশ ১২ রাউন্ড রাবার বুলেট নিক্ষেপ করে। সরোয়ার নামে বিদ্রোহী প্রার্থীর ১ কর্মী কে মুমূর্ষু অবস্থায় ঝিনাইদহ সদর হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

আওয়ামী লীগের মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজমের অভিযোগ দল থেকে সদ্য বহিস্কৃত স্বতন্ত্র প্রার্থী তৈয়বুর রহমানের কর্মী-সমর্থকরা নৌকা মার্কার মিছিলে হামলা চালায়। তবে এ অভিযোগ অস্বীকার করে মেয়র প্রার্থী তৈয়বুর রহমান বলেন নৌকা মার্কার মিছিল থেকে তার নির্বাচনী অফিসে হামলা চালানো হয়। এ সময় সরোয়ার নামে তার এক কর্মী গুরুতর আহত হয়।

স্থানীয়রা জানায়, গতকাল রবিবার সন্ধ্যার একটু আগে নৌকা মার্কার একটি মিছিল চৌরাস্থা হয়ে সরকারী ডিগ্রী কলেজ রোড দিয়ে যায়। এসময় সময় আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমানের অফিস অতিক্রমের সময় উভয় মেয়র প্রার্থীর কর্মীদের মধ্যে ইট পাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে।

ঘটনাটি জানা জানি হলে আওয়ামী লীগ প্রার্থী কাজী আশরাফুল আজম ও বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমানের কর্মী-সমর্থকরা দেশীয় অস্ত্র নিয়ে হামলা ও ধাওয়া পাল্টা ধাওয়ায় লিপ্ত হয়। এ সময় পুলিশ উভয় পক্ষকে ছত্রভঙ্গ করতে ১২ রাউন্ড ফাকা রাবার বুলেট নিক্ষেপ ও

ফাঁকা গুলি ছোড়ে।

পরিস্থিতি নিয়ন্ত্রণের সময় সংঘর্ষকারীদের ইটের আঘাতে ৭ পুলিশ সদস্য আহত হয় বলে পুলিশ দাবি করছে। সংঘর্ষের সময় গোলাম সরোয়ার নামে এক আওয়ামী লীগ কর্মী গুরুতর আহত হয়। তাকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে বলে চিকিৎসক জানান।

আওয়ামী লীগের নৌকা মার্কার প্রার্থী কাজী আশরাফুল আজম বলেন, তার কর্মী সমর্থকরা একটি মিছিল নিয়ে কলেজ রোড দিয়ে যাওয়ার সময় দল থেকে বহিষ্কারের রাগে বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমানের কর্মী সমর্থকরা তার মিছিলের উপর হামলা চালায়।

এ হামলার কথা অস্বীকার করে বিদ্রোহী মেয়র প্রার্থী তৈয়বুর রহমান খান বলেন, নৌকা মার্কার মিছিল থেকে তার কলেজ রোডের স্কুল মার্কেটের নির্বাচনি অফিসে হামলা চালায়।

শৈলকুপা থানার ওসি তদন্ত মহসিন হোসেন জানান, আওয়ামী লীগ ও স্বতন্ত্র মেয়র প্রার্থীর সমর্থকদের মধ্যে দেশীয় অস্ত্র নিয়ে হামলা ও ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে নিতে পুলিশ ১২ রাউন্ড ফাকা রাবার বুলেট নিক্ষেপ করে। হামলাকারীদের ইটের আঘাতে ৭ পুলিশ সদস্য আহত হয় বলে ওসি (তদন্ত) জানান।

বিএনপি প্রতি বছরই শক্তি সঞ্চয় করছে: মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ‘প্রতি বছরই বিএনপি শক্তি সঞ্চয় করছে। নতুন বছরেই গণতন্ত্র ফিরে পাবে দেশের মানুষ। জগদ্দল পাথরের মতো চেপে বসা সরকারকে গণঅভ্যুত্থানে পরাজিত করা হবে।

গতকাল শুক্রবার জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী

উপলক্ষে রাজধানীর শের-ই বাংলানগরে জিয়ার কবরে পুষ্পস্তবক অর্পণ শেষে তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, ‘বাংলাদেশের মানুষ আওয়ামী লীগ সরকারের দখলদারী মেনে নেবে না। নিরপেক্ষ সরকারের অধীনে নিরপেক্ষ নির্বাচন দিতে বাধ্য করতে হবে। গণতান্ত্রিক ব্যবস্থাকে প্রতিষ্ঠিত করতে হবে। সব রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধ করে, গণতন্ত্র ফিরিয়ে আনার আন্দোলনে যাবে বিএনপি। সাংগঠনিকভাবে বিএনপি এখন আরও শক্তিশালী।’

তিনি বলেন, ‘রাজনৈতিক দলগুলোর ঐক্যের মধ্য দিয়ে ফ্যাসিবাদি সরকারকে পরাজিত করা সম্ভব।’

কালীগঞ্জে প্রতিষ্ঠা বার্ষিকীতে ছাত্রদলের বর্ণাঢ্য র্যালী

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা, বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৯ টার দিকে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। এরপর সেখানে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়। এরপর সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় কালীগঞ্জ উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-আহবায়ক তবিবুর রহমান মিনি।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি আহম্মেদ জনি, সহ-সভাপতি হাদিউজ্জামান জুয়েল, উপজেলা ছাত্রদল এর সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল

রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, কলেজ ছাত্রদলের আহবায়ক সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক এরশাদ হোসেন সোনা, সহ-সাংগঠনিক সম্পাদক ইশতিয়াক পারভেজ, বিজ্ঞান ও গবেষণা বিষয়ক সম্পাদক নাহিদ পারভেজ, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক মোঃ আলাউদ্দিন,

শাহাদৎ হোসেন রিওন, তারেকুর রহমান টিপু, পৌর ছাত্রদলের মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইবন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল হাসান, শিপন আহমেদ কলেজ ছাত্রদলের সিনিয়র যুগ্ম-আহবায়ক আল আমিন, যুগ্ম-আহবায়ক হারুন-উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভেজ, খালেদ সাইফুল্লাহ শাওন, জেলা ছাত্রদলের সদস্য মুন্না মোল্লা,

সদস্য মালেক জিহাদী, উপজেলা ছাত্রদলের সদস্য মনিরুজ্জামান মুন্না, সাব্বির হাসান, চঞ্চল হোসেন, সোহেল রানা, জুয়েল মিয়া, রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য তারেক মাহমুদ, শাকিবুল হাসান শান্ত, মোস্তফা কামাল, কলেজ ছাত্রদলের সদস্য শাহরিয়ার হাসান সীমান্ত, ফাহিম শাহরিয়ার, খালিদ হাসান রকিসহ ছাত্রদলের প্রায় ৩ শতাধিক নেতাকর্মী।

মেহেরপুরসহ বিভিন্ন স্থানে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মহাফিল অনুষ্টিত হয়।

গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির আহবায়ক সাইফুল ইসলাম সেলিম এর সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতিয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী।

এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সাধারাণ সম্পাদক হাবীব, জেলা জাতীয় পার্টির যুগ্ম-আহবায়ক সুমন পারভেজসহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ, বারেক আলী প্রমুখ।

দামুড়হুদা প্রতিনিধি জানান, দামুড়হুদায় জাতীয় পাটির ৩৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৩টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের বাসস্ট্যান্ডে অবস্থিত কেরু অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, উপজেলা জাতীয় পাটির সভাপতি শহিদুল আলম, বিশেষ অতিথি ছিলেন দর্শনা পৌর শাখার সভাপতি নুরুজ্জামান, দামুড়হুদা উপজেলা কমিটির সাংগঠনিক সম্পাদক সহিদ আজম সদু, দামুড়হুদা সদর ইউনিয়ন শাখার সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, আশাদুল, আকবার আলি, মাহাবুব প্রমুখ।

দেশের ইতিহাসে আজ সবচেয়ে কলঙ্কজনক দিন: ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমাদের খুব দুঃখ হয়, লজ্জা হয়, যখন দেখি, এই সমাবেশে আসতে আমাদের নেতাকর্মীদের বাধা দেওয়া হয়। আজ বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে কলঙ্কজনক একটি দিন। ২০১৮ সালের এই দিনে একদলীয় শাসন প্রতিষ্ঠার জন্য রাষ্ট্রযন্ত্র ব্যবহার করে ভোট চুরি করে ক্ষমতা পাকাপোক্ত করেছে আওয়ামী লীগ। আজ সেই কলঙ্কময় দিন। যেদিন এদেশে জনগণের ভোটাধিকার হত্যা করা হয়েছে।

বুধবার (৩০ ডিসেম্বর) দুপুর ১২টায় রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে গণতন্ত্র হত্যা দিবস উপলক্ষে আয়োজিত বিক্ষোভ সমাবেশে এসব কথা বলেন তিনি।

বিএনপি মহাসচিব বলেন, এই গণতান্ত্রিক সংগ্রাম শুধু বিএনপির একার নয়, সব দল মতের সংগ্রাম। সবাইকে ঐক্যবদ্ধ হয়ে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করতে হবে। নতুন বছরে ঐক্যবদ্ধ হয়ে জনগণের সরকার প্রতিষ্ঠায় শপথ নিতে হবে।

বিএনপির যুগ্ম মহাসচিব হাবিবুন্নবী খান সোহেল বলেন, আজ থেকে ২ বছর আগে রাতে এদেশে ভোট হয়নি। রাতে ভোট ডাকাতি করা হয়েছে। মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়া হয়েছে। আজ আওয়ামী লীগ গণতন্ত্রের বিজয় দিবস পালন করছে। আমরা জানি না, করোনার ভ্যাকসিন কারা পাবে, ভ্যাকসিন দেবে নাকি পানি শরীরে পুশ করবে। করোনা ভ্যাকসিন নিয়ে যদি কোনো দুর্নীতি করা হয়, তাহলে সারা বাংলাদেশে আগুন জ্বলবে। সমাবেশে বিএনপির কেন্দ্রীয় ও ঢাকা মহানগরের নেতাকর্মীরা বক্তব্য রাখেন।

গাংনী পৌর নির্বাচন উপলক্ষে বিএনপির কর্মী সভা

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে কর্মী সভা করেছে বিএনপি। শনিবার সন্ধ্যায় শিশিরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি মুন্নাফ আলী। এসময় গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও মেয়র প্রার্থী আসাদুজ্জামান বাবলু,সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী,পৌর কৃষকদেলের সভাপতি আব্দুল মান্নান, সাধারন সম্পাদক শরিফুল রইসলাম, বিএনপি নেতা আব্দুল গনী, আব্দুল খালেক, ইমন আহমেদ,

মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন,গাংনী উপজেলা ছাত্রদলের সভাপতি নাজমুল খান,গাংনী পৌর ছাত্রদের সভাপতি ইমন, সরকারী ডিগ্রী কলেজের সভাপতি জুনাইদ আহমেদ সহ বিএনপির ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।